



## বাওয়েল স্ক্রীনিং ক্যান্সার টি আসলে কি ?

NHS বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং পরীক্ষা করে যে আপনার বাওয়েল ক্যান্সার হতে পারে কিনা। স্ক্রীনিং, বাওয়েল ক্যান্সার প্রতিরোধ করতে বা প্রাথমিক পর্যায়ে এটি খুঁজে পেতে সাহায্য করতে পারে। মনে রাখবেন, প্রাথমিক পর্যায়ে এটি চিকিত্সা করা সহজ হয়।

NHS একটি বিনামূল্যের বাওয়েল ক্যান্সার কিট পাঠায় যা আপনাকে মলের একটি ছোট নমুনা সংগ্রহ করতে দেয়। এটি একটি ল্যাবে অল্প পরিমাণে রক্তের জন্য পরীক্ষা করা হয়।

পরীক্ষা তে যদি রক্ত পলিপ বা বাওয়েল ক্যান্সারের লক্ষণ হতে পারে। পলিপ হল বাওয়েলের বৃদ্ধি, যা সময়ের সাথে সাথে ক্যান্সারে পরিণত হতে পারে। যদি কিছু পাওয়া যায়, তবে আপনাকে আরও পরীক্ষা করার জন্য আমন্ত্রণ জানানো হবে। এই পরীক্ষা গুলো সাধারণত একটি হাসপাতালে করা হয়।

যেকোন বয়সে বাওয়েল ক্যান্সার লক্ষণ দেখা দিলে সর্বদা একজন জিপিকে দেখান। যদি আপনি সম্প্রতি একটি স্ক্রীনিং পরীক্ষা সম্পন্ন করে থাকেন, তাও এটি উপেক্ষা করবেন না।



## বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং কেন সুপারিশ করা হয়?

বাওয়েল ক্যান্সার সবচেয়ে সাধারণ ক্যান্সারগুলির মধ্যে এক প্রকার ক্যান্সার ; এবং নিয়মিত স্ক্রীনিং এর দ্বারা এটি প্রতিরোধ করতে সহায়ক হতে পারে বা প্রাথমিক পর্যায়ে এটি খুঁজে পেতে সাহায্য করতে পারে। এই পর্যায়ে এটি চিকিত্সা করা সহজ হয়।

## বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং কার জন্য প্রযোজ্য ?

এটি লন্ডনে 56 থেকে 74 বছর বয়সী প্রত্যেক মানুষ এর জন্য প্রযোজ্য , এটি 2025 সালের মধ্যে 50-এ নেমে আসবে। যখন আপনার পালা আসবে, আপনাকে প্রতি 2 বছর পর পর একটি স্ক্রীনিং টেস্ট কিট পাঠানো হবে। প্রতিবার আপনাকে পাঠানোর সময় আপনার দায়িত্ব এই কিটটি সঠিক ভাবে ব্যবহার করা ।

## একটি হোম স্ক্রীনিং পরীক্ষার কিট আমি কিভাবে পেতে পারি?

প্রত্যেক ব্যক্তি যিনি ইংল্যান্ডের বাসিন্দা, এবং যারা একজন GP-এর সাথে নিবন্ধিত, স্বয়ংক্রিয়ভাবে তাদের বাড়ির ঠিকানায় পরীক্ষার কিট পাঠানো হয়।

## আমি কখন আমার ফলাফল পাব?

আপনার ফলাফল 2 সপ্তাহের মধ্যে আপনাকে পোস্ট করা হবে। আরও কোনো পরীক্ষার প্রয়োজন হলে আপনাকে বলা হবে। অতিরিক্ত পরীক্ষার অর্থ এই নয় যে আপনার বাওয়েল ক্যান্সার আছে ।



Help us  
Help you

Screening  
saves  
lives

৯০৯ ১০৬ ০০৭০ ৮৯৬  
১৩৮১১১১১১ ১৩৮১১১১১


। ৮৯৬ ১০৬ ০০৭০ ৮৯৬  
১৩৮১১১১১ ১৩৮১১১১১

। ৮৯৬ ১০৬ ০০৭০ ৮৯৬  
১৩৮১১১১১ ১৩৮১১১১১  
SHN গ্রুপটো ক্যাম্পেইন দ্বারা


SHN

## বাওয়েল ক্যান্সার স্ক্রীনিং কিট কিভাবে ব্যবহার করবেন

1. নমুনা বোতলে তারিখ লিখুন
2. আপনার মল ধরার জন্য একটি পাত্র বা টয়লেট পেপারের স্তর ব্যবহার করুন
3. আপনার মলকে টয়লেটের পানি স্পর্শ করতে দেবেন না
4. নমুনা বোতল খুলতে ক্যাপ মোচড় দিয়ে খুলুন
5. সমস্ত খাঁজ ঢেকে না যাওয়া পর্যন্ত মল বরাবর একটি কাঠির সাহায্যে নমুনা বোতলে সংগ্রহ করুন
6. পরীক্ষা করার জন্য আমাদের শুধুমাত্র একটু মল প্রয়োজন। দয়া করে অতিরিক্ত যোগ করবেন না



7. কাঠিটি আবার ঢুকিয়ে রাখুন এবং ক্যাপটি ক্লিক করে বন্ধ করুন
8. ব্যবহারের পরে বোতল আবার খুলবেন না
9. ব্যবহারের পরে আপনার হাত ভাল করে ধোয়া দরকার
10. প্রদান করা ফ্রি রিটার্ন খামে নমুনা বোতল রাখুন
11. টেপ এর খোসা তুলে, খাম সীল বন্ধ করুন এবং পোস্ট করুন
12. আপনি দুই সপ্তাহের মধ্যে আপনার পরীক্ষার ফলাফল পাওয়ার আশা করতে পারেন



যদি আপনাকে একটি NHS বাওয়েল  
ক্যান্সার স্ক্রীনিং কিট পাঠানো হয়,  
কিট টয়লেটের কাছে রাখুন।

অবহেলা করবেন না এটি যথা শীঘ্র  
ব্যবহার করুন।

[nhs.uk/bowel-screening](https://nhs.uk/bowel-screening)